দৈনিক সংবাদ

তারিখ 2 4 NOV 1992
পৃষ্ঠা ৭ কলাম ৬

143

## টঙ্গীতে ছাত্র সংঘর্ষ কলেজ বন্ধ ঘোষণা

টঙ্গী, ২৩শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।— আজ টঙ্গী সরকারী কলেজের শ্রেণীকক্ষে বসাকে কেন্দ্র করে দু'দল ছাত্রের মধ্যে সংঘর্ষ হয়। এতে তিনজন ছাত্র আহত হয়। কলেজ কর্তৃপক্ষ আগামী ৩০শে নভেম্বর পর্যন্ত কলেজের ক্লাস বন্ধ ঘোষণা করেছেন।

সকাল ১১টার দিকে প্রথম বর্ষের শ্রেণীকক্ষে প্রথম বেঞ্চে বসাকে কেন্দ্র করে কয়েকজন ছাত্রের সাথে কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে তা সংঘর্ষে রূপ নেয়।